

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের দীক্ষা ক্যাম্প-২০১৮ এর শুভ উদ্বোধন



১৫ অক্টোবর-২০১৮, সোমবার দুপুর ২ ঘটিকায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবন চত্বরে জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের বার্ষিক তাঁব্বাস, দীক্ষা ক্যাম্প ও ব্যাজ প্রদান অনুষ্ঠান-২০১৮ এর উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার ইন কাউন্সিলের গ্রুপ সম্পাদক অধ্যাপক ড. মনিরুজ্জামান খন্দকার এর সভাপতিত্বে প্রধান স্কাউট ব্যক্তি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কমিশনার (প্রশিক্ষণ) জনাব মোঃ মহসিন। এসময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, স্কাউট সদস্যবৃন্দ, বাংলাদেশ ছাত্রলীগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মোঃ তরিকুল ইসলাম এবং সাধারণ সম্পাদক শেখ জয়নুল আবেদিন রাসেল উপস্থিত ছিলেন। উল্লেখ্য বার্ষিক তাঁব্বাস, দীক্ষা ক্যাম্প ও ব্যাজ প্রদান অনুষ্ঠান-২০১৮ তিনদিন ব্যাপি যার মধ্যে আগামী ১৬ ও ১৭ অক্টোবর আঞ্চলিক রোভার স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র গাজীপুরে অনুষ্ঠিত হবে।